তাই বলে কি আমরা সালাহ্উদ্দিনকে আর পাবো না? ক্রুসেডও কি আর ভাঙ্গা হবে না? অবশ্যই হবে ! তবে...এক ঐতিহাসিক বলেছিলেনঃ "প্রত্যেক যুগেই সালাহুদ্দীন আউয়্যুবীর জন্ম হয় কিন্তু আয়্যুবীর সেই দূর্ধর্ষ সৈন্য বাহিনীকে আর দেখা যায় না"। সালাহ্উদ্দিন আইয়্যুবীর যুদ্ধ জীবনকে যদি পর্যালোচনা করা হয়, তাহলে সালাহ্উদ্দিন আইয়্যুবী পাবেন ৫০ মার্ক আর তার সৈন্য বাহিনী পাবে ৫০! ক্রুসেড যুদ্ধে সালাহ্উদ্দিন আর তার সৈন্য বাহিনীর অবদান সমান সমান। সালাহ্উদ্দিন আইয়্যুবী কিছুই করতে পারতেন না, যদি তাঁর সৈন্যরা আন্তরিকভাবে যুদ্ধ না করতেন। সালাহ্উদ্দিন আউয়্যুবীর প্রত্যেকটি সৈন্য ছিলেন সালাহ্উদ্দিন আউয়্যুবীর মতই। তাঁর সৈনিকগণ এমন ছিলেন, যেন তারা সালাহ্উদ্দিন আইয়্যুবীর দেহেরই একটি অংশ! সালাহ্উদ্দিন আইয়্যুবী (রহঃ) যুদ্ধের পরিকল্পনা করতেন, আর তা দক্ষতার সাথে বাস্তবায়ন করত তার সৈনিকরা। সালাহ্উদ্দিন আইয়্যুবীর (রহঃ) প্রতিটি আদেশকে তাঁর সৈন্যরা শিরোধার্য মনে করতেন। নেতার আনুগত্যের বিরল দৃষ্টান্ত স্থাপন করেছিলেন আয়্যুবীর সৈনিকেরা। নেতা যেই হউক না কেন যদি তার অনুসারীরা নেতার প্রতি আনুগত্যশীল হয়, তাহলে সেই নেতা অবশ্যই যুদ্ধে সফল হবেন। কারণ, নেতা তার প্রতিটি পরিকল্পনা তার আনুগত্যশীল সৈন্যদের দ্বারা খুব সহজেই বাস্তবায়ন করতে পারবেন। আর নেতা যত বিচক্ষণ আর অভিজ্ঞ হন না কেন, যদি তার সৈন্যরা নেতার প্রতি আনুগত্য পরায়ণ না হয়, তাহলে নেতার হাজারো কৌশল আর পরিকল্পনা সবই ভেস্তে যাবে। যুদ্ধ বিজয়ের সবচেয়ে বড় বাঁধা হল, রবের পূর্ণ দাসত্ব না করা এবং নেতার আনুগত্যে অবহেলা করা। আমরা যতদিন পর্যন্ত আল্লাহর একনিষ্ঠ গোলাম এবং নেতার প্রতি আনুগত্য পরায়ণ না হব, ততদিন পর্যন্ত বিজয় বিলম্ব হবেই; যদিও হাজারো সালাহুদ্দীন আইয়্যুবী আমাদের নেতৃত্ব দিক! আসুন! আমরা সালাউদ্দিনে আইয়্যুবীর অপেক্ষা না করে নিজেদেরকে সালাহউদ্দীনের সৈনিকদের মত গড়ে তুলি। তাহলে অচিরেই আমরা যুগের সালাহুদ্দীনকে খুঁজে পাবো, ইনশাআল্লাহ। যার নেতৃত্বে আমরা আক্বসাকে পুনরুদ্ধার করবো আর তাগুতের মসনদ চুরমার করে খেলাফতের সুশীতল ছায়ায় বসবাস করবো...

আবারো হাসবে সেই সূর্যটা !

সারা বিশ্বে মুসলিম উম্মাহ যখন আজ নির্যাতিত, নিপীড়িত, লাঞ্ছিত ও অবহেলিত। ঠাঁই নেই তাদের নিরাপদে কোথাও থাকার, জায়গা নেই নিরাপদে কোথাও যাবার। কুফফার জোটের নির্মম নির্যাতন আর নিপীড়ন বেড়েই চলেছে ক্রমশ তাদের উপর; আফগান, ইরাক, সিরিয়া, সোমালিয়া, মালিসহ প্রায় প্রতিটি মুসলিম রাষ্ট্রে যখন নির্যাতনের স্বীকার হচ্ছেন আমাদের ভাই-বোনেরা, তখন আমরা 'আমরা তো শান্তিতে আছি' এই বুলি আওড়িয়ে মাজলুমানদের পক্ষে কথা বলা থেকে মুখে কুলুপ এঁটে কানে আঙ্গুল দিয়ে নিশ্চুপ হয়ে বসে আছি ! কারণ, আমরা শান্তি প্রিয়, শান্তশিষ্ট জনগণ। ফলে দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে উম্মাহর লাশের সারি, দৃষ্টির সীমা ছাড়িয়ে যাচ্ছে এক কালের পরাক্রমশালী আর আজকের অসহায় উম্মাহর শরণার্থী শিবির। গৃহহীন হয়ে পালিয়ে বেড়াতে হচ্ছে তাদের ; পিতা-মাতা হারিয়ে অসহায় হয়েছেন হাজারো মুসলিম। তাদের নেই কোন মানবাধিকার। নেই বাঁচার কোন বৈধতা। মায়েদের করুন আহাজারি, বৃদ্ধদের অসহায় চোখের পানি আর নিথর নিস্তব্ধ পড়ে থাকা উম্মাহর শিশুদের নিদারুণ করুন অবস্থাও ব্যর্থ হয়েছে, আমাদের গাফলতির নিদ ভাঙ্গাতে। আমরা পারিনি আরেকবার বিন কাসেম আর সালাহ্উদ্দিন হয়ে উম্মাহর চোখ থেকে দুঃখ, দুর্দশার পানি মুছে দিতে; পেরেছি শুধু মীর জাফর হয়ে বারবার পিছন হতে ছুরি মারতে!! উত্তরণের মহা সম্মানিত পথ ছেড়ে আমরা বেছে নিয়েছি যিল্লতির পতনের পথ! মন গড়া কল্প-কাহিনী আর ইচ্ছামাফিক কোরআন হাদীসের ব্যাখ্যা দিয়ে মসৃণ করছি পতনের পথ। বুঝেও ভান করে আছি না বুঝার, দেখেও ভান করে আছি না দেখার। আর কেউ কেউ নিষিদ্ধ বস্তু দুনিয়ার মোহে পড়ে আরেকটু ভালো থাকার আশায়, দুনিয়ার স্বাদ আরেকটু চেখে দেখার লোভে নিলামে উঠিয়েছি নিজের মহা মূল্যবান ঈমান-আমলকে। বিকিয়ে দিচ্ছি নিজের মান মর্যাদা। তারপরেও আমরা আবার সেজেছি আল্লামা আর ইসলামী চিন্তাবিদ খেতাবে !!!

নিজেদের পায়ে নিজেরা কুড়াল মারতে এখন আমরা সিদ্ধ-হস্ত। কাফেরদের সামান্য ইশারা আর তাগুতের ফাঁকা হুমকি ধমকিতে কাবু হয়ে যাচ্ছি আমরা, বিরোধিতা করছি উম্মাহর শ্রেষ্ঠ সন্তানদের, উম্মাহর ভাগ্যাকাশে কালো মেঘের ছায়া সরিয়ে, ঝলমলে হাস্যোজ্বল রৌদ্র আনয়নে ব্যতিব্যস্ত, নিজেদের জানের বিনিময়ে জান্নাত ক্রয়কারী মুজাহিদদেরকে। আল্লাহ্ তায়ালা বলেছেন كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ. তোমাদের উপর ফরজ করা হল ক্বিতাল, যদিও তা তোমাদের কাছে অপছন্দনীয়। অপছন্দনীয় ও বন্ধুর এ পথকে নিজেদের রক্ত দিয়ে মসৃণ করা মুজাহিদদেরকে আমরা বলছি সন্ত্রাস! মানব বন্ধন করছি তাদের বিরুদ্ধে ! 'নিজেরা শান্তিতে আছি' এ বুলি আওড়িয়ে আর কত দিন আমরা পারব শান্তিতে থাকতে? (এখনো কি আমরা শান্তিতে আছি?!) অন্য মুসলিম ভাইদের বিপদে পাশে না দাঁড়ানো সেই আমাদের উপর যখন বিপদ নেমে আসবে, নেমে আসবে হিন্দুত্ববাদের কড়াল থাবা, তখন আমাদের অবস্থা কি হবে, তা নিয়ে কি কখনো চিন্তা করেছি? বড্ড হাসি পায় এবং কষ্ট লাগে, যখন দেখি অবুঝের মত নিজেদের শত্রুর কাছে নিজেদের বিপদের কথা বলে আমরা পরিত্রাণের পথ খুঁজে বেড়াই। আবেদন-আবদার করি তাদের কাছে, যারা ইসলামকে মিটিয়ে দেয়ার জন্য আধা জল খেয়ে মাঠে নেমেছে, শপথ নিয়েছে ভু-পৃষ্ট থেকে মুসলিমদের শেষ চিহ্নটুকুও মুছে ফেলার। বারবার বিচার নিয়ে যাই আল্লাহর শত্রু ও নিজেদের শত্রুর কাছে। জান চলে যাবে, স্ত্রী সন্তান বিধবা হয়ে যাবে, জেলে যেতে হবে এ সমস্ত ওয়াহানের কারণে সুন্নাহ সম্মত পথ ছেড়ে দিয়ে, চির শত্রু পশ্চিমাদের দেখানো পথে তাদের কাছে বিচার নিয়ে যাই। অথচ যাদের পথ থেকে বাঁচার জন্য আমরা দিনে কমপক্ষে ১৭ বার মহান আল্লাহর কাছে আশ্রয় চাই। কিন্তু দিন শেষে সব ভুলে গিয়ে আবার তাদের দরবারেই ধরনা দিই। বড় আজীব বিষয়!! তবে উত্তাল সমুদ্রের মাঝেও তরী তীরে গিয়ে ভিড়বে; মেঘের কালো ছায়া ভেদ করে সেই সূর্যটা আবারো হাসবে। পৃথিবীর প্রতিটি কোণায় কোণায় আবারো উঠবে সুমধুর আযানের ঝংকার। আবারো কেঁপে উঠবে গৌরগবিন্দের সেই অহংকার। ভূলুণ্ঠিত হবে ঔদ্ধত্য সব কুফরের শীর। নিভে যাবে কুফরের সব অন্ধকার। মহান আল্লাহ্ তায়ালা বলেন-

قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ اللَّهُ بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنصُرْكُمْ عَلَيْهِم وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُّؤْمِنِينَ

যুদ্ধ কর ওদের সাথে, আল্লাহ তোমাদের হস্তে তাদের শাস্তি দেবেন। তাদের লাঞ্ছিত করবেন, তাদের বিরুদ্ধে তোমাদের জয়ী করবেন এবং মুসলমানদের অন্তরসমূহ শান্ত করবেন।

كَتَبَ اللَّهُ لَأَغْلِبَنَّ أَنَا وَرُسُلِي إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ

আল্লাহ লিখে দিয়েছেনঃ আমি এবং আমার রসূলগণ অবশ্যই বিজয়ী হব। নিশ্চয় আল্লাহ শক্তিধর, পরাক্রমশালী।

وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنتُمُ الْأَعْلَوْنَ إِن كُنتُم مُّؤْمِنِينَ.

আর তোমরা নিরাশ হয়ো না এবং দুঃখ করো না। যদি তোমরা মুমিন হও তবে, তোমরাই জয়ী হবে। সুতরাং এখন আমাদের মুমিন হওয়া বাকী। মুমিন হওয়ার এই শর্ত পূরণ হলে "আবারো হেসে উঠবে সেই সূর্যটা" !

আল্লাহ্ আমাদেরক

فَإِنْ آمَنُوا بِمِثْلِ مَا آمَنتُم بِهِ فَقَدِ اهْتَدَو

অতএব তারা যদি ঈমান আনে, তোমাদের ঈমান আনার মত, তবে তারা সুপথ পাবে। এর 'তোমাদের ঈমান আনার মত' ইমান আনার তাওফীক দান করুন। আমীন।

করোনা লকডাউন এবং এক ভাইয়ের প্রশ্ন??

"এই লকডাউনের সময়টাতে আমরা কিভাবে কিছু দাওয়াতি কাজ করতে পারি?"

ফরায়েযি

মহান আল্লাহর স্মরণের সাথে শুরু করছি। যে আল্লাহর স্মরণ এই নগণ্য, হীন বান্দারা ভুলে যায় কিন্তু মহান আল্লাহ প্রতিনিয়ত বিভিন্নভাবে তাঁর বান্দাদের ফিরিয়ে আনেন তাঁর স্মরণের দিকে। এটি এজন্য নয় যে বান্দার স্মরণ আল্লাহর প্রয়োজন (নাউজুবিল্লাহ) বরং এটি এজন্য যে, আল্লাহ জানেন, বান্দাহর বড় প্রয়োজন আল্লাহকে। আল্লাহ ব্যতীত আর কে আছে; যে বান্দাহকে পথ দেখাতে পারে? হেদায়েতের পথে পরিচালিত করতে পারে? আল্লাহ ব্যতীত কে এমন আছে; যে রিজিক দিতে পারে? নিরাপত্তা দিতে পারে? আসমান যদি খুলে যায়; আর প্রবল বেগে বর্ষণ সব ভাসিয়ে নিয়ে যায়, তাহলে আল্লাহ ব্যতীত বান্দাহকে বাঁচানোর আর কে আছে? কিংবা সাগর যদি উত্তাল হয়ে উঠে; আর প্রবল জলোচ্ছ্বাসে সব ভাসিয়ে নিয়ে যায়, তখন আল্লাহ ব্যতীত আর কে আছে যে এই প্রবল জলোচ্ছ্বাসের মুখে লাগাম পরায়! কেউ নেই। কারো সাধ্য নেই! এই সৃষ্টিজগত সৃষ্টি করেছেন আল্লাহ এবং এর পরিচালনার সুবিশাল দায়িত্ব তিনি নিজেই নিয়েছেন! বড় আফসোস আমরা দুনিয়ার বড় বড় রাজা-বাদশা চিনি যারা মরে যায়, পচে যায়, মাটির সাথে মিশে যায় অথচ মালিকদের মালিক - মহা পরাক্রমশালী আল্লাহ রব্বুল ইজ্জাহ কে চিনি না!

অতঃপরঃ এক ভাই জিজ্ঞেস করলেন,"ভাই এই লকডাউনের সময়টাতে আমরা কিভাবে কিছু দাওয়াতি কাজ করতে পারি?" ভাইয়ের প্রশ্নটা বেশ ভারী। এত বড় প্রশ্নের উত্তর দেয়ার সামর্থ্য আমার মত নগণ্যের নাই। তবে প্রশ্নটা আমার পছন্দ হয়েছিলো আলহামদুলিল্লাহ। একই সাথে বেশ কিছুদিন ধরে এই করোনা ভাইরাস নিয়ে কিছু লেখার ইচ্ছা করছিলো। এই দুই মিলিয়ে আজ এই লেখার নিয়্যত করেছি।

১। করোনা ভাইরাস নিয়ে অধমের কিছু চিন্তাঃ

প্রথম যখন আমি এটির ব্যাপারে শুনি তখন আমি এটির দিকে তেমন কোন মনোযোগ দেইনি। এমনকি আমি এটার কোন সংবাদও শুনতাম না, আগ্রহও ছিলো না। এতটুকুই যে খুশি লাগতো আল্লাহর দুশমনেরা মারা যাচ্ছে। দীর্ঘদিন আমি এটার কোন খবরও দেখিনি। কিন্তু আস্তে আস্তে এমন হতে থাকলো যে, সারা দুনিয়া এটা নিয়ে ব্যস্ত হয়ে উঠলো। বাংলাদেশের দু'আরেও এসে হাজির হল। যা হোক, আমি সে গল্প এখানে বলতে আসিনি, এখন এগুলো সবাই জানেন। আমি করোনার ব্যাপারে যতই দেখলাম, ততই আমার কাছে বিষয়টা খুব অদ্ভুত ঠেকলো। আরো অবাক হলাম যখন দেখলাম এই একই কথা আরো অনেকেই বলছে।

এমন জিনিষ যা কিনা চোখে দেখা যায়না, এই ক্ষুদ্র জিনিষটাই সারা দুনিয়াকে কাঁপিয়ে দিলো, অস্থির করে তুললো। সুপার পাওয়ার দাবি করা রাষ্ট্রগুলো, নিজেদের সভ্যতার প্রতীক দাবি করা ইউরোপ দিনে দুপুরে হাঁটু ভেঙ্গে দুমড়ে মুচড়ে পড়ে গেলো। নিজেদের বিশাল সামরিক বাহিনী, আর্মি, নেভি, এয়ার ফোর্স সব কিছু নিজ নিজ জায়গায় পড়ে থাকলো, কেউ কিচ্ছু টেরও পেলোনা, সুযোগও পেলোনা, আঘাত করলো এই অদৃশ্য ভাইরাস! এ সব দেখে আমার মনে হলো এটি আল্লাহর সেনাবাহিনী, আল্লাহর সেনাবাহিনীর ব্যাপারে তিনি ব্যতীত আর কেউই জানে না।

কেনই বা ভাববো না? আপনি লক্ষ্য করেন, আঘাত করার কৌশল আঘাতের তীব্রতা আঘাতের ভয়াবহতা নিজেকে প্রতিনিয়ত পরিবর্তন করে নেয়ার কৌশল কোন একটি নির্দিষ্ট টার্গেট নয় বরং একই সাথে মাল্টিপল টার্গেটকে ধ্বসিয়ে দেয়ার ধরণ ভীতি সৃষ্টি করার নমুনা প্রভাব বিস্তার করার উদাহরণ দিনে দুপুরে কিভাবে শত্রুপক্ষকে তার সমস্ত শক্তিকে কচু দেখিয়ে, শত্রুপক্ষের সমস্ত উপকরণ, সৈন্য-সামন্তের সামনে দিয়ে এমন আক্রমণ - তা শুধু আল্লাহর সেনাবাহিনীর পক্ষেই সম্ভব!

দুনিয়ার সমস্ত পরাশক্তিগুলোর শক্তির ভারসাম্য নষ্ট করে দিয়েছে, নিজেদের জায়ান্ট ইকোনমি দাবি করা রাষ্ট্রগুলোর ইকোনমির দফা রফা করে দিয়েছে, সভ্য দাবি করা এই সমাজের সমস্ত ঠুনকো মূল্যবোধকে উড়িয়ে দিয়ে তাদের ভিতরের স্বার্থপরতা বের করে দিয়েছে। এমন কোন সেক্টর নাই যেখানে আঘাত করেনি এই বাহিনী! সামরিক, অর্থনৈতিক, পোশাক শিল্প, জনসম্পদ, টেকনোলজি, ট্যুরিজম, জঘন্য ফিল্ম ইন্ডাস্ট্রি, জুয়ার জগত, খেলাধুলা কোন কিছুই বাদ নাই! এ সমস্ত কিছু দেখে শুধু একটা কথাই মনে আসে আর তা হচ্ছে, এ হচ্ছে সামান্য এক ভাইরাস যা আল্লাহর হুকুমে কাজ করে যাচ্ছে। সামান্য ভাইরাসই যদি এই অবস্থা করতে পারে, তাহলে কি হবে যদি আল্লাহ এক প্রবল হুংকার দেন! কি অদ্ভুত, এত কিছুর পরেও আমরা আল্লাহর মুকাবেলায় নিজেদের দাঁড় করিয়ে নেই! আল্লাহকে পরিত্যাগ করে এসব কীটপতঙ্গের মত নগণ্য মানুষকে আমাদের অভিভাবক বানিয়ে নেই!

২।"ভাই এই লকডাউনের সময়টাতে আমরা কিভাবে কিছু দাওয়াতি কাজ করতে পারি?"

উপরের আলোচনা করার আরেকটা উদ্দেশ্য ছিলো যেন এই প্রশ্নের উত্তর কিছুটা সহজ হয়। নিঃসন্দেহে করোনা ভাইরাস আমাদের জন্য সতর্কবার্তা। যারা এখান থেকে সাবধান হয়ে যাবে তাদের জন্য এটি সফলতা, আর যারা নিজেদের শুধরে নিবে না তারা আসলে ধ্বংসের উপরে আরো ধ্বংস চাপিয়ে নিলো। করোনা ভাইরাসের এই সংকট কালে কোন কাজটি সবচেয়ে ভয়াবহ? বাজারে যাওয়া? মাস্ক না পরা? বার বার সাবান দিয়ে হাত না ধোয়া? নিরাপদ দূরত্ব বজায় না রাখা? - না এগুলো কোনটাই না। বরং সবচেয়ে ভয়াবহ হচ্ছে, এমন কঠিন আযাবের সময়েও পাপে ডুবে থাকা, পাপ থেকে সরে না আসা। আল্লাহর কদর অনুযায়ী কোন একটি কাজ একেক জনের জন্য একেক উদ্দেশ্য পূরণ করে, কারো জন্য যদি আযাব হয়, কারো জন্য হেদায়েতের কারণও হয়। বিশ্বাসীদের জন্য, বালা মুসিবতের অন্যতম একটি উদ্দেশ্য যে সে পাপের পথ থেকে ফিরে আসবে। যেমন, আল্লাহ তাআলা ইরশাদ করেন,

أَوَلَا يَرَوْنَ أَنَّهُمْ يُفْتَنُونَ فِي كُلِّ عَامٍ مَّرَّةً أَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوبُونَ وَلَا هُمْ يَذَّكَّرُونَ

'তারা কি লক্ষ্য করে দেখে না যে, প্রতিবছর তাদের উপর দুই-একবার বিপদ আসছে? এরপরও ওরা তওবা করে না, উপলব্ধি করার চেষ্টা করে না।' (সূরা আত-তাওবা, আয়াত: ১২৬)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর হাদিসে এসেছে, দুর্যোগ বা এমন মহামারী'র সময়ে যে নিজেকে সংশোধন করে নিলোনা বরং পাপের উপরেই অটল থাকলো সে প্রকৃত অর্থেই ধ্বংস হয়ে গেছে! তাই করোনা সময়ে মু'মিনের জন্য সবচেয়ে ভয়ংকর বিপদের কথা, সাবান দিয়ে হাত না ধোয়া নয়, বরং পাপ থেকে ফিরে না আসা, পাপ পরিত্যাগ না করা, তাওবাহ না করা। দেখেন, মহামারী আসার অন্যতম একটি কারণ হচ্ছে - ব্যাপকহারে অশ্লীলতার প্রচার। এখন মহামারীর মধ্যে বসে থেক দিন রাত সাবান দিয়ে হাত ধুয়ে কেউ যদি অশ্লীলতা থেকে না বের হয়ে আসে তবে কি আশা করা যায়! আমি, আপনি দিনে ১০০ বার স্যানিটাইযার দিয়ে হাত পরিষ্কার করলেন, কিন্তু আমাদের চোখ অশ্লীল দৃশ্য থেকে সরলো না, তাহলে নিশ্চিত থাকেন, আমরা করোনা সংক্রমণ অপেক্ষা ভয়াবহ বিপদের মধ্যে আছি! সূরা আন'আমের ৩ টি আয়াতের মধ্যে আল্লাহ এই সম্পূর্ণ চিত্র আমাদের সামনে কতই না পরিষ্কারভাবে বর্ণনা করেছেন! আল্লাহ তা'আলা বলেন -

وَلَقَدْ أَرْسَلْنَا إِلَى أُمَمٍ مِّن قَبْلِكَ فَأَخَذْنَاهُم بِالْبَأْسَاءِ وَالضَّرَّاءِ لَعَلَّهُمْ يَتَضَرَّعُونَ

আর আমি আপনার পূর্ববর্তী উম্মতদের প্রতিও পয়গম্বর প্রেরণ করেছিলাম। অতঃপর আমি তাদেরকে অভাব-অনটন ও রোগ-ব্যাধি দ্বারা পাকড়াও করেছিলাম যাতে তারা বিনয়ের সাথে নতি স্বীকার করে। [সূরা আন'আম ৬:৪২]

فَلَوْلَا إِذْ جَاءَهُم بَأْسُنَا تَضَرَّعُوا وَلَٰكِن قَسَتْ قُلُوبُهُمْ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطَانُ مَا كَانُوا يَعْمَلُونَ

অতঃপর তাদের কাছে যখন আমার আযাব আসল, তখন কেন তারা নম্রতা এবং বিনয় প্রকাশ করলোনা ? বরং তাদের অন্তর আরো কঠোর হয়ে গেল এবং শয়তান তাদের কাছে সুশোভিত করে দেখাল, যে কাজ তারা করছিল। [সূরা আন'আম ৬:৪৩]

فَلَمَّا نَسُواْ مَا ذُكِّرُواْ بِهِ فَتَحْنَا عَلَيْهِمْ أَبْوَابَ كُلِّ شَيْءٍ حَتَّى إِذَا فَرِحُواْ بِمَا أُوتُواْ أَخَذْنَاهُم بَغْتَةً فَإِذَا هُم مُّبْلِسُونَ

অতঃপর তারা যখন ঐ উপদেশ ভুলে গেল, যা তাদেরকে দেয়া হয়েছিল, তখন আমি তাদের সামনে সব কিছুর দ্বার উম্মুক্ত করে দিলাম। এমনকি, যখন তাদেরকে প্রদত্ত বিষয়াদির জন্যে তারা খুব গর্বিত হয়ে পড়ল, তখন আমি অকস্মাৎ তাদেরকে পাকড়াও করলাম। তখন তারা নিরাশ হয়ে গেল। [সূরা আন'আম ৬:৪৪]

আল্লাহ আগের জাতির কথা উল্লেখ করে বলছেন, তারা যখন নবী রাসূল প্রেরণের পরেও অবাধ্য হয়েই যাচ্ছিলো, তখন আল্লাহ তাদের ওপর বিপদ, মহামারী দ্বারা পাকড়াও করেছিলেন, যেন তারা বাধ্য এবং অনুগত হয়। অবাধ্যতার পথ থেকে ফিরে আসে। অতঃপর আল্লাহ জানাচ্ছেন তাদের অবস্থাটা কেমন হয়েছিলো। তারা না নতি স্বীকার করেছিলো, না তারা তাদের পাপ পরিত্যাগ করেছিলো। বরং এই বিপদের মধ্যেও শয়তান তাদের পাপ কাজগুলো সুন্দর করে সাজিয়ে গুছিয়ে দেখাচ্ছিলো যেন তারা এই পাপ আরো বেশি, বেশি করে করতে থাকে। এতে করে তাদের অন্তর আরো কঠিন হয়ে গেলো এবং সব শেষে তাদের পরিণতি কি হয়েছিলো? আল্লাহ আবার তাদেরকে আরো কঠিন এক পাকড়াও করলেন, চূড়ান্ত আযাব দিয়ে ধ্বংস করে দিলেন এবং তারা সেই অবাধ্যতার উপরেই ধ্বংস হয়ে জাহান্নাম নিশ্চিত করে নিলো! আমরা ভেবে দেখি আমাদের অবস্থা এমন কিনা?

কিছুদিন আগে নিউজে দেখলাম যে, ঘরে থাকার এই সময়ে নোংরা ফিল্ম জগতের কোন এক প্রতিষ্ঠান তাদের দর্শকদের জন্য নোংরা ছবি দেখার সাবস্ক্রিপশন ফ্রি করে দিচ্ছে! চিন্তা করা যায়! তাহলে প্রশ্নটিতে ফিরে আসি - "ভাই এই লকডাউনের সময়টাতে আমরা কিভাবে কিছু দাওয়াতি কাজ করতে পারি?" সবার আগে আমরা পাপ পরিত্যাগ করা এবং তাওবাহ এর দাওয়াত নিয়ে কাজ করতে পারি ইনশা আল্লাহ। এরপরে তাওহিদের দাওয়াত দিতে পারি, আল্লাহর প্রকৃত পরিচয় তাদের সামনে তুলে ধরতে পারি ইনশা আল্লাহ। এই কঠিন অবস্থায় মানুষ কিছু আশা চায়, ভরসা চায়। তাদেরকে আল্লাহর দিকে নির্দেশ করে দেয়া, একমাত্র আশা ভরসার স্থান চিনিয়ে দেয়া। কিভাবে মানুষের উপরে রব সেজে বসে থাকা এই সিস্টেম এই তাগুতরা আজ মানুষের কোন উপকারই করতে পারছে না, তা দেখিয়ে দেয়া। প্রকৃত অর্থে এটা কতবড় প্রতারণা, কতবড় ছলনা তা জানিয়ে দেয়া! তাগুতকে অস্বীকার করে আল্লাহর দিকে বিনীতভাবে ফিরে আসার আহবান জানানো। এটি স্মরণ করিয়ে দেয়া, সামান্য করোনা সংকটে এই তাগুতি সমাজ ব্যবস্থা আজ এত অসহায়, তাহলে আল্লাহর সামনে যেদিন সবাই দাঁড়িয়ে যাবে সেদিন তারা আমাদের কি উপকারে আসবে? তাহলে কেন আমরা আল্লাহকে ছেড়ে এই তাগুতদের অভিভাবক হিসেবে গ্রহণ করলাম? বাস্তবে তারা তো নিতান্তই অসহায়! সামান্য এক ভাইরাস যা চোখেই দেখা যায় না এত ক্ষুদ্র, এমন কিছুর মোকাবেলায় যদি তারা আমাদের সুরক্ষা দিতে ব্যর্থ হয়, তবে এটা কিভাবে মেনে নেয়া সম্ভব যে, কিয়ামতের দিন আল্লাহর সামনে তারা আমাদের কোন উপকার করতে পারবে? তাহলে কেন আজ আমরা আল্লাহর নির্দেশনা অমান্য করে তাদের নির্দেশনা মেনে চলব? আমাদের ভালো মন্দের উপরে তাদের কি কচু অধিকার? তারা নির্লজ্জ, মিথ্যাবাদী, স্বার্থলোভী শয়তানের আউলিয়া ছাড়া আর কিছুই না!

একই সাথে এই জঘন্য পাপে ডুবে থাকা সমাজব্যবস্থার আসল চিত্র দেখিয়ে দেয়া। কুরআন এবং সুন্নাহ'র আলোকে বর্তমান দুর্দশার কারণ দেখিয়ে দেয়া। দেখিয়ে দেয়া কিভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মহামারীর কারণসমূহ উল্লেখ করে গেছেন আর সেই সমস্ত কারণগুলোই এই সমাজ এবং রাষ্ট্রব্যবস্থা আমাদের উপরে চাপিয়ে দিয়েছে! আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'যখন কোনো জাতির মধ্যে প্রকাশ্যে অশ্লীলতা ছড়িয়ে পড়ে, তখন তাদের মধ্যে দুর্ভিক্ষ ও মহামারী ব্যাপক আকার ধারণ করে, যা তাদের পূর্ববর্তীদের মধ্যে ছিল না।' (ইবনে মাজাহ, হাদিস : ৪০১৯)

আজ কি আমাদের সমাজ এবং রাষ্ট্রব্যবস্থা এই কাজটিই করছে না? দেখিয়ে দিন, চোখে আঙ্গুল দিয়ে। অধিকাংশই আমরা কুরআন এবং সুন্নাহ এর জীবন্ত সান্নিধ্য বঞ্চিত, এই সুযোগে সাধ্যমত কুরআন এবং সুন্নাহকে অন্যদের সামনে জীবন্তভাবে পেশ করার চেষ্টা করেন, ইনশা আল্লাহ। একই সাথে সামনের দিনের অনাগত ফিতান সম্পর্কে এবং প্রতিনিয়ত পরিবর্তন হয়ে যাওয়া বিশ্ব সম্পর্কে সচেতন করেন। জানান এই ফিতানের পড়ে বরং ঢেউ এর মত এর চেয়ে আরো ভয়ংকর ফিতান আসবে, আসতেই থাকবে। আর সেই ফিতানের মুকাবেলায় শুধুমাত্র ঈমানই কাজে আসবে, অন্য কিছু নয়। তাই সেই ফিতানের প্রবল তোড় আসার আগেই আমরা যেন ঈমান মেরামত করে নেই। নিশ্চয়ই দাওয়াতের পরিধি অনেক বিশাল, সামান্য ক' লাইনে তা তুলে ধরা অধমের পক্ষে সম্ভব না। তবে

অবশ্যই দাওয়াতি কাজের প্রথম লক্ষ্য থাকা উচিৎ, বিশুদ্ধ তাওহিদের দাওয়াত এবং তাগুতকে অস্বীকার করার দাওয়াত। কুরআন এবং সুন্নাহ এর সাথে পরিচিত হবার দাওয়াত।

৩। শেষ কথাঃ

এই ফোরামে আলহামদুলিল্লাহ, অনেক ভাই আছেন। আল্লাহ যাদের সামনে এই লেখাটি উপস্থাপন করবেন, তাদের মধ্যে থেকে ১ জন ভাই কমপক্ষে ১ জন ভাই এর কাছে এই দাওয়াত দিতে পারেন, ইনশা আল্লাহ। আল্লাহ যাকে হেদায়েত দেয়ার তাকে হেদায়েত দিবেনই। কেমন হয় যদি এই সমস্ত হেদায়েতের কাজ এবং এর সাওয়াব আল্লাহ আপনার জন্যই বরাদ্দ করে দিবেন! হতেই পারে আল্লাহ আপনাকেই এ কাজের জন্য পছন্দ করে রেখেছেন, শুধু আপনার কদম উঠানোর অপেক্ষা।

পরিশেষে, করোনা নিয়ে সতর্ক হবার দরকার আছে কারণ তা সুন্নাহ। তবে করোনা নিয়ে ভয় পাবার কিছু নাই। ভয় তো শুধু আল্লাহর জন্য। করোনা যদি আমাদের সংক্রমণ না করে আর আমরা যদি আল্লাহর নিকট তাওবা করতে থাকি, আল্লাহর নিকট অনুনয় বিনয় করে আশ্রয় চাইতেই থাকি তাতেও আমাদের লাভ। করোনা যদি আমাদের সংক্রমিত করে আর আমরা যদি সবর করি, ইবাদতে মশগুল থাকি, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন এমন কাজ রাসুলের দিকে হিজরত করার মত সাওয়াব! আর আল্লাহর ইচ্ছায় আমরা যদি সবরের সাথে করোনা সংক্রমিত হয়ে মারা যাই, তাহলে শহিদ ইনশা আল্লাহ! আমাদের ক্ষতি কোথায়? আমরা শুধু ক্ষতি আর ভয় এজন্য দেখি কারণ, আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের এই মহামারির দিকে যেভাবে তাকাতে বলেছেন; আমরা সেভাবে তাকাইনা, বরং শয়তানের আউলিয়ারা আমাদের যেভাবে তাকাতে বলে সেভাবে তাকাই, আর সেজন্যই আমরা নিরাপত্তাহীনতা বোধ করি। কারণ, নিরাপত্তা তো শুধুই আল্লাহর কাছে। তাই –فَفِرُّوا إِلَى اللَّهِ ফাফিররু ইলাল্লাহ, ফাফিররু ইলাল্লাহ, ফাফিররু ইলাল্লাহ ...

সুপার পাওয়ার দাবি করা রাষ্ট্রগুলো, নিজেদের সভ্যতার প্রতীক দাবি করা ইউরোপ দিনে দুপুরে হাঁটু ভেঙ্গে দুমড়ে মুচড়ে পড়ে গেলো। নিজেদের বিশাল সামরিক বাহিনী, আর্মি, নেভি, এয়ার ফোর্স সব কিছু নিজ নিজ জায়গায় পড়ে থাকলো, কেউ কিচ্ছু টেরও পেলোনা, সুযোগও পেলোনা, আঘাত করলো এই অদৃশ্য ভাইরাস! এ সব দেখে আমার মনে হলো এটি আল্লাহর সেনাবাহিনী, আল্লাহর সেনাবাহিনীর ব্যাপারে তিনি ব্যতিত আর কেউই জানে না। কেনই বা ভাববো না? আপনি লক্ষ্য করেন, আঘাত করার কৌশল আঘাতের তীব্রতা আঘাতের ভয়াবহতা নিজেকে প্রতিনয়ত পরিবর্তন করে নেয়ার কৌশল কোন একটি নির্দিষ্ট টার্গেট নয় বরং একই সাথে মাল্টিপল টার্গেটকে ধ্বসিয়ে দেয়ার ধরণ ভীতি সৃষ্টি করার নমুনা প্রভাব বিস্তার করার উদাহরণ দিনে দুপুরে কিভাবে শত্রুপক্ষকে তার সমস্ত শক্তিকে কচু দেখিয়ে, শত্রুপক্ষের সমস্ত উপকরণ, সৈন্য-সামন্তের সামনে দিয়ে এমন আক্রমণ - তা শুধু আল্লাহর সেনাবাহিনীর পক্ষেই সম্ভব!

দ্বীনি ভাইদের প্রতি এক মুহাজিরের কিছু গুরুত্বপূর্ণ নসিহাহ

Masum Shariar

শেষ নসিহত হিসেবে আর কী বলবো। আমাদের একজন খালিক আছেন, তাঁর নাম আল্লাহ। তিনিই আমাদের সৃষ্টি করেছেন। যিনি আমাদেরকে সৃষ্টি করেছেন, আমাদেরকে তাঁরই ইবাদত করতে হবে। তাঁর নির্দেশই আমাদের মানতে হবে। তাঁর নিষেধগুলো থেকে আমাদের বেঁচে থাকতে হবে, হোক সেটা কষ্টের অথবা শান্তির। সর্বহালতেই তাঁরই কথামত চলতে হবে। আর তাঁর কথামত চলতে গিয়ে যদি আমাদের উপর কষ্ট আসে, বিপদ আসে, তাহলে সেটা তো আল্লাহরই জন্যে। আমাকে বিপদ দেওয়ার মালিকও আল্লাহ, বিপদ থেকে উদ্ধার করার মালিকও আল্লাহ। আল্লাহ যদি আমাকে বিপদ দিতে চান, তাহলে তো এটা আমার জন্য সৌভাগ্য যে, আল্লাহ আমাকে বিপদ দিয়ে পরকালের পুরস্কারের ব্যবস্থা করার ফিকির করেছেন, গোনাহ মাফ করার ব্যবস্থা করেছেন।

মায়ের কথা মনে পড়ে। দুঃখিনী মা-ও হয়তো আমার কথা মনে করে নীরবে অশ্রু ফেলছেন। জীবিত থেকেও আজ আমি মায়ের কাছে হয়তো মৃতের মত। তারপরও তো মায়ের পাশে তাঁর অন্য সন্তানরা আছেন, বাবা আছেন, আত্মীয়স্বজন-পরিজন আছেন। কিন্তু আমার? এক আল্লাহ ছাড়া তো আর প্রিয় কেউ পাশে নেই! মা-বাবা, পরিজনেরা হয়তো আমাকে কিছুদিন পরেই ভুলে যাবেন, সকলের মাঝে অবস্থানের কারণে হয়তো তাঁরা আমার অনুপস্থিতি খুব একটা টেরই পাবেন না। কিন্তু আমি? গৃহ-পরিবার ছেড়ে একাকী আমি কি ভুলতে পারি তাঁদের? না ভাই, তাঁদের পদচারণা আমার কানে এখনো বাজে। এখনো তাঁদের সুমধুর কণ্ঠের ডাক প্রতিধ্বনিত হয় আমার কানে। তাঁদের স্মৃতি আমাকে ব্যস্ত করে তোলে, চোখের অশ্রু গড়িয়ে পড়ে। তাহলে, আজ আমি বাড়ি থেকে দূরে অবস্থানের কারণ? আল্লাহর হুকুম, আমার রবের নির্দেশ। মায়ের খেদমতে নিয়োজিত থাকতে না পারার বেদনা বয়ে বেড়াই। কিন্তু, যে আল্লাহ আমাকে বানিয়েছেন, সে আল্লাহ তো আমার মা-কেও বানিয়েছেন। আল্লাহ তো একজনই। যে আল্লাহ আমাকে দেখা-শোনা করছেন, সে আল্লাহ তো আমার মা-কেও দেখা-শোনা করছেন। আর, এই মুহূর্তে তো আমি মায়ের খেদমত বা মায়ের হকের, মুহাব্বাতের উসিলা দিয়ে আমার খালেকের অবাধ্যতা করতে পারি না। আল্লাহ আমাদের মনগুলোকে আল্লাহর নির্দেশ পালনের জন্য প্রস্তুত করে দিক, (জান্নাতকে আমাদের মিলনস্থল বানাক) এমনভাবে প্রস্তুত করে দিক যে, আল্লাহর নির্দেশের মোকাবেলায় যেন সবকিছুই তুচ্ছ থাকে, আমীন। আমি আপনাকে একটি বিষয় বলতে চাই। সেটা হলো- যখন জিহাদ ফরজে আইন হয়ে যায়, তখন কিন্তু মাতাপিতার হক্কের উপর ফরজ জিহাদ প্রাধান্য পাবে।

আমাদের মনে রাখা দরকার, এখন জিহাদ ফরজে আইন। যদিও আমরা কোনো ক্ষেত্র এখনো তৈরি করতে পারিনি। তবে, হুকুম কিন্তু সেটাই। তাই, আপনাকে বলছি, আপনি দুনিয়ার এই সবকিছু ছেড়ে দিয়ে একমাত্র দ্বীনের কাজে কীভাবে মনোনিবেশ করা যায়, সেই ফিকির করুন। আর আমলের ব্যাপারে বলবো যে, সম্ভব হলে বিয়ে করে ফেলুন। তবে, বিয়ের আগে ভেবে-চিন্তে বিয়ে করুন, যাতে আহলিয়াকে হিজরতের জন্য প্রস্তুত করে গড়ে তোলা যায় এবং আহলিয়াকে এমন মনমানসিকতায় গড়ে তুলবেন যে, আমি চলে গেলে তোমার কোনো ক্ষতি নাই। আমার পরে আমার মত কোনো একজন তোমাকে বিয়ে করে নিতে পারবে। তাহলে আহলিয়া আপনাকে আপনার কাজে বাধা দিবেনা আশা করি ইনশাআল্লাহ। আমাদের সমাজের সমস্যাটা এখানেই; মেয়েরা মনে করে যে, আমার স্বামী মরে গেলে পরে আমি সারা জীবন বিধবা থাকতে হবে, আমি কীভাবে চলবো তাহলে?

তাই তারা স্বামীকে জিহাদের পথে বাধা সৃষ্টি করে। আমাদের বোনদেরকে যেমন এই মনমানসিকতার বানাতে হবে, ঠিক আমাদেরও এমন মনমানসিকতার হতে হবে যে, কোনো ভাই মারা গেলে তাঁর বিধবা আহলিয়াকে বিয়ে করে ফেলা। তাহলে আমাদের বোনেরা স্বামীদেরকে জিহাদের পথে বাধা সৃষ্টি করবেনা, ইনশাআল্লাহ।

আর বিয়ে করার পর প্রাথমিকভাবে মনে হয় নিজেকে নিজের উপর একটু কঠিন রাখতে হবে। যাতে কোনোভাবে আগে চেয়ে দ্বীনের কাজের ক্ষেত্রে কমতি না আসে। এই ধাক্কা সামলাতে পারলে আশা করা যায়, এগিয়ে যেতে পারবেন ইনশাআল্লাহ। আর, চেষ্টা করুন পারিবারিক ঝামেলা কম এমন পরিবারে বিয়ে করতে। যেমন- আপনি বিয়ে করে কোথাও বাসা নিয়ে থাকলেন, বেড়াতে যাওয়া ইত্যাদি ঝামেলা কম থাকে এমন পরিবারে বিয়ে করতে পারেন ইনশাআল্লাহ।

সম্ভব হলে বিয়ে করে ফেলুন। তবে, বিয়ের আগে ভেবে-চিন্তে বিয়ে করুন, যাতে আহলিয়াকে হিজরতের জন্য প্রস্তুত করে গড়ে তোলা যায় এবং আহলিয়াকে এমন মনমানসিকতায় গড়ে তুলবেন যে, আমি চলে গেলে তোমার কোনো ক্ষতি নাই। আমার পরে আমার মত কোনো একজন তোমাকে বিয়ে করে নিতে পারবে।

> অন্যান্য ভাইদের প্রতি আপনার কী নসিহাহ ভাই?

সাধারণভাবে সকল ভাইদের প্রতি কিছু নসিহাহ হলো-

১. দ্বীনের উপর খুব কষ্ট করে হলেও টিকে থাকা, মানে ইস্তিকামাত। এটা যতো কষ্ট হোক, যতো বিপদের মাঝেই হোক, অ্যাক্টিভিটির সাথে লেগে থাকা।

২. গোনাহ থেকে ভালোভাবে বেঁচে থাকার চেষ্টা করা।

৩. দ্বীনের কাজে কমতি আসে এমন দুনিয়াবি সব কাজকে পেছনে ফেলে দেওয়া, ত্যাগ করা।

৪. আল্লাহর মুহাব্বাত দিলের মধ্যে গেড়ে দেওয়া, যে মুহাব্বাত আল্লাহর জন্য জীবন বিলিয়ে দিতে বাধ্য করে।

৫. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এমনভাবে মুহাব্বাত করা, যে মুহাব্বাত তাঁর অনুসরণ করা থেকে শুরু করে তাঁর জন্য জীবন দিতে বাধ্য করে। এগুলো আসলে একদিনে হয়না। এইগুলোর জন্য ফরজ, ওয়াজিব, নফল, সবকিছু আদায় করে, সুন্নাত অনুসারে জীবন পরিচালনা করে করে চেষ্টা করতে হবে। আল্লাহ তা'য়ালা এটা করার সর্বপ্রথম আমাকে তাওফিক দান করুন, আমীন। এর পর বাকি সকল ভাইকে তাওফিক দান করুন।

আরেকটি বিষয় আমি ভাইদের উদ্দেশ্যে বলবো। সেটি হলো তাহাজ্জুদ। আল্লাহর মুহাব্বাত লাভের অন্যতম উপায় হলো তাহাজ্জুদ। আত্মার অনেক রোগের ঔষধও মনে করি এটি। অনেক ভাইদের দেখা যায়, ফরজ আমল করতেও অলসতা লাগে, অবহেলা করে। তাদের জন্যও তাহাজ্জুদটা লাজেম (আবশ্যক) করে নেওয়া এটা একটা কার্যকরী ঔষধ বলে মনে হচ্ছে। আল্লাহ সহজ করুন, আমীন। সর্বশেষ বলবো, যে শাহাদাত পেতে চায়, সে যেন ভোর রাতে তাহাজ্জুদে আল্লাহর কাছে সেটা চায়। আল্লাহ তা'য়ালা আমাকে এবং সবাইকে এই আমলটি সারা জীবন ধারাবাহিকভাবে করে যাওয়ার তাওফিক দান করুন, আমীন।

কমেন্ট

Talhah Bin Ubaidullah

আল্লাহ রব্বুল আলামিন প্রিয় ভাইকে কবুল করে নিন, আমাদেরকে আল্লাহর পথে অবিচল রাখুন, আল্লাহ আমাদের জন্য সহজ করুন, জান্নাতকে আমাদের মিলনস্থল বানান, আমিন ইয়া রব্বাল আলামিন। ভাইয়েরা, হযরত উমার (রদিঃ) দুয়া করতেন,

اللهم ارزقني شهادة في سبيلك واجعل موتي في بلد رسولك صلى الله عليه وسلم

উচ্চারণঃ আল্লাহুম্মারঝুকনি শাহাদাতান ফি সাবিলিক ওয়া জাআল মাওতি ফি বালাদি রসুলিকা সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

অর্থঃ হে আল্লাহ, আমাকে আপনার পথে শাহাদাত দান করুন এবং আমাকে আপনার রসুল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর শহরে (মদিনা) মৃত্যু দিন। (সহিহ বুখারি, হাদিস ১৮৯০) আমরা এই দুয়াটি মুখস্থ করে ফেলি এবং এই দুয়া বেশি বেশি করি।

করোনা সংক্রমণে "আতংকিত নয়, সচেতন হোন"

খালিদ মুন্তাসির

করোনাভাইরাসে সংক্রমিত হওয়ার আতংকে আছেন? এতো আতংক কীসের? আপনি মুসলিম না? মুসলিমদের এই মহামারী নিয়ে আতংকিত হওয়ার তেমন কিছু নেই। আতংকিত নয়, সচেতন হওয়াই কাম্য। এটা আমি যেমন আজ আপনাদের বলছি, তেমনি নাস্তিক্যবাদীরাও বলছে। পার্থক্য কোথায়? তারা মানুষকে বলছে, ভয় পাবেন না, সচেতন থাকুন। আচ্ছা, ভয় পাবে না কেন? রোগাক্রান্ত হলে কষ্ট পায়, মৃত্যু হতে পারে—এগুলো জানার পরও একজন মানুষের ভয় না পাওয়ার কী কারণ থাকতে পারে? নাস্তিক্যবাদীরা এগুলোর ব্যাখ্যা তো করেইনি, বরং তাদের কথা হলো- আপনারা আক্রান্ত হলেও ঘরেই থাকুন, হাসপাতালে যাবেন না, ভয় পাবেন না, অন্যদেরকে আক্রান্ত করবেন না ইত্যাদি। ধর্ষণসহ অন্যান্য সকল অপরাধ রোধের ক্ষেত্রেও এই নাস্তিক্যবাদীরা এই ধরণের 'স্ববিরোধী' কথা বলে থাকে। তারা বলে, ধর্ষণ করবেন না, চুরি করবেন না। কিন্তু, কেন করবে না? ধর্ষণ না করার দ্বারা কী লাভ? যারা আখিরাতে বিশ্বাসী নয়, তারা কোনো মেয়েকে ধর্ষণের সুযোগ পেলে কী কারণে ধর্ষণের সুযোগ হাতছাড়া করবে? কেন মানবতা দেখাতে হবে? মানবতা না দেখালে কী ক্ষতি? দুনিয়া অর্জনই যার উদ্দেশ্য, সে কেন দুনিয়ার কোনো ভোগের বস্তুকে ছেড়ে দিবে? এগুলোর কোনো কিছুই এই নাস্তিক্যবাদীরা ব্যাখ্যা করতে পারবে না। ঠিক তেমনি করোনাভাইরাসের মহামারী প্রতিরোধে নাস্তিক্যবাদী সরকার পর্যাপ্ত ব্যবস্থা তো নেয়নি, আবার বলছে আতংকিত হবেন না! মানুষ মারা যাচ্ছে, রোগাক্রান্ত হয়ে কষ্ট পাচ্ছে—তারপরও আতংকিত না হওয়ার কী কারণ থাকতে পারে? এই প্রশ্নের সদুত্তর নাস্তিক্যবাদীরা দিতে না পারলেও, ইসলাম এই প্রশ্নের যথাযথ উত্তর প্রদান করেছে। একজন মুসলিম রোগাক্রান্ত হলে বা মহামারীতে মারা যাওয়ার আশংকা হলেও কেন ভয় পাওয়া উচিত নয়—এই বিষয়ে ইসলাম কথা বলেছে। ইসলাম বলছে, রোগাক্রান্ত হলে একজন মুসলিমের উচিত ধৈর্যধারণ করা, আল্লাহর উপর ভরসা করা। এতে, তার কী লাভ? তার লাভ হলো- তার গোনাহসমূহ ক্ষমা করে দেওয়া হবে।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন

الْمَرِيضُ تَحَاتَّ خَطَايَاهُ كَمَا يَتَحَاتُّ وَرَقُ الشَّجَرِ.

অসুস্থ ব্যক্তির গোনাহগুলো ঝরে যায়, যেমন (শীতকালে) গাছের পাতা ঝরে পড়ে। (মুসনাদে আহমাদ, হাদীস ১৬৬৫৪)

আরেক হাদীসে ইরশাদ হয়েছে-

مَا مِنْ مُسْلِمٍ يُصِيبُهُ أَذًى مِنْ مَرَضٍ، فَمَا سِوَاهُ إِلَّا حَطَّ اللهُ بِهِ سَيِّئَاتِهِ، كَمَا تَحُطُّ الشَّجَرَةُ وَرَقَهَا.

কোনো মুসলিম যখন অসুস্থতা বা অন্য কোনো কষ্টে নিপতিত হয় আল্লাহ তার গোনাহগুলো মিটিয়ে (ঝরিয়ে) দেন, যেমন (শীতকালে) গাছ তার পাতা ঝরায়। (সহীহ মুসলিম, হাদীস ২৫৭১)

শুধু গোনাহমাফিই নয়, মুমিনের নেকীর খাতাও সমৃদ্ধ হতে থাকে অসুস্থ অবস্থায়; যাতে আফসোস করতে না হয়- অসুস্থতার কারণে আমি কত নেক আমল থেকে বঞ্চিত হচ্ছি, সুস্থ থাকলে তো আমি তাহাজ্জুদ-তিলাওয়াতসহ অন্যান্য নেক আমল করতে পারতাম। এখন তো কিছুই করতে পারছি না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সান্ত্বনার বাণী শুনিয়েছেন-

إِذَا مَرِضَ العَبْدُ، أَوْ سَافَرَ، كُتِبَ لَهُ مِثْلُ مَا كَانَ يَعْمَلُ مُقِيمًا صَحِيحًا.

যখন বান্দা অসুস্থ হয় বা সফরে থাকে তখন সুস্থ অবস্থায় বা বাড়িতে থাকা অবস্থায় সে যে নেক আমল করত তার সওয়াব লেখা হতে থাকে (যদিও অসুস্থতা বা সফরের কারণে সে উক্ত নেক আমলগুলো করতে পারছে না)। -(সহীহ বুখারী, হাদীস ২৯৯৬; মুসনাদে আহমাদ, হাদীস ১৬৬৭৯)

একবার নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ উম্মুস সায়েব বা (তার নাম ছিল) উম্মুল মুসায়্যিবকে দেখতে গেলেন। তখন তিনি জ্বরে কাঁপছিলেন। নবীজী বললেন, তুমি কাঁপছো কেন? তিনি বললেন, আল্লাহর রাসূল! জ্বর এসেছে। এবং বললেন, 'লা- বারাকাল্লাহু ফী-হা' অর্থাৎ সে জ্বরের জন্য বদদুআ করল। তখন নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন-

لَا تَسُبِّي الْحُمّى، فَإِنّهَا تُذْهِبُ خَطَايَا بَنِي آدَمَ، كَمَا يُذْهِبُ الْكِيرُ خَبَثَ الْحَدِيدِ.

(বদদুআর মাধ্যমে) জ্বরকে গালি দিয়ো না। কারণ, তা বনী আদমের গোনাহগুলো মিটিয়ে দেয়, যেমন কামারের হাপর লোহার জং দূর করে। (সহীহ মুসলিম, হাদীস ২৫৭৫; সহীহ ইবনে হিব্বান, হাদীস ২৯৩৮; শুআবুল ঈমান, বায়হাকী, হাদীস ৯৩৭৯)

অর্থাৎ, হাদিসসমূহ থেকে বুঝা গেল যে, মুমিনের রোগ-শোকের কারণে আল্লাহ তা'য়ালা তার গোনাহসমূহ ক্ষমা করেন। গোনাহ ক্ষমা করলে একজন মুসলিমের কী লাভ? এই প্রশ্নের উত্তর প্রত্যেক মুসলিম জানে। গোনাহ মুসলিমকে অস্বস্তি দেয়, নিজের কৃত গোনাহ নিয়ে একজন মুসলিম দুশ্চিন্তায় থাকে—না জানি এ গোনাহ তার জাহান্নামে যাওয়ার কারণ হয়। আর, যখন সে জানতে পারে যে, অসুস্থতার মাধ্যমে তার গোনাহগুলো ক্ষমা করে দেওয়া হয়, তখন সে কেন খুশি হবে না? অবশ্যই একজন মুসলিম তার গোনাহ ক্ষমা হলে খুশি হয়। এজন্য, অসুস্থতাবস্থায় কোনো মুসলিম আতংকিত তো হবেই না, বরং রোগের কারণে বাহ্যিক কষ্ট হলেও সে তার গোনাহসমূহ মাফ পাওয়ায় মানসিকভাবে স্বস্তিতে থাকবে, অন্তরে আনন্দ থাকবে।

এখন কথা হলো, করোনাভাইরাসের মতো এরকম কোনো মহামারীতে তো কেবল রোগাক্রান্তই হচ্ছে না, মারাও যাচ্ছে। তাহলে, একজন ব্যক্তি যখন জানে যে, সে এই রোগে আক্রান্ত হয়ে মারাও যেতে পারে, তখনও কেন সে আতংকগ্রস্ত হবে না? যারা দুনিয়ার চাওয়া-পাওয়াকেই সবকিছু মনে করে, এখানের ভোগই যাদের উদ্দেশ্য, যে তার দুনিয়া গুছিয়েছে, সে তো তার এই গুছানো দুনিয়া ছেড়ে যেতে চাইবেই না। তাই, স্বাভাবিকভাবেই সে মৃত্যুর কথা শুনে আতংকিত হবে, নাস্তিক্যবাদীদের "আতংকিত হবেন না, সচেতন হোন" ধরণের বুলি তাকে প্রভাবিত করতে পারবে না। রোগ থেকে মুক্তির জন্য তার ভরসাস্থল ছিল ঔষধ। কিন্তু, করোনাভাইরাস নিরাময়ের তো কোনো ঔষধ বের হয়নি! সে আর কার উপর ভরসা করবে? নাস্তিক্যবাদী মিডিয়া 'প্রথম আলো'ও এই কথাই বলছে, "এই রোগ নিয়ে এত আতঙ্কের কারণ হচ্ছে এখন পর্যন্ত এর কোনো টিকা বা প্রতিষেধক আবিষ্কৃত হয়নি।"

আল্লাহর পথে নিহত হওয়া ছাড়াও শহীদ সাত প্রকারের:

(ক) তাউনে (মহামারীতে) মৃত ব্যক্তি শহীদ,

(খ) যে ডুবে মারা যায় সে শহীদ,

(গ) নিউমোনিয়া রোগে মৃত ব্যক্তি শহীদ,

(ঘ) পেটের পীড়ায় মৃত ব্যক্তি শহীদ,

(ঙ) যে পুড়ে মারা যায় সে শহীদ,

(চ) কোন কিছু চাপা পড়ে যে মারা গেছে সে শহীদ,

(ছ) আন্তঃসত্ত্বায় মৃত মহিলা শহীদ।

পক্ষান্তরে, আল্লাহর সাক্ষাতের প্রত্যাশী কোনো মুসলিম মৃত্যুকে ভয় পায় না, মৃত্যুর কথা শুনে আতংকিত হয় না। কারণ, দুনিয়াকে তারা চিরস্থায়ী আবাস মনে করে না, ক্ষণস্থায়ী এই দুনিয়ার জীবন কোনো মতে অতিবাহিত করে, রবের সন্তুষ্টি অর্জন করে চিরস্থায়ী আখিরাতই তাদের কাম্য। দুনিয়াতে তাদের কাজ ভোগে মত্ত থাকা নয়, বরং আল্লাহর ইবাদতে মগ্ন থাকা। অর্থাৎ, তারা আখিরাত গুছায়। তাই, কষ্টের দুনিয়া ছেড়ে স্বাভাবিকভাবেই তারা তাদের গুছানো জায়গায় যেতে চায়। তাছাড়া, তারা আখিরাতে তাদের রবের সাক্ষাতের প্রত্যাশী, রবের প্রতিশ্রুত জান্নাতের প্রত্যাশী। আর, মৃত্যু তাদের এই সকল প্রত্যাশার পথে প্রধান বাধা। তাই, তারা মৃত্যুকে ভয় তো পায়ই না, বরং রবের সন্তুষ্টির উপর মৃত্যুবরণ করাকে নিজেদের সফলতা হিসেবে দেখে।

আর, করোনাভাইরাসের মতো মহামারীতে মৃত্যুবরণ করাকে ভয় না পাওয়ার আরেকটি বিশেষ কারণ হলো- এই সকল মহামারীতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করা মুসলিম শহীদের সমান সওয়াব পায়।

প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الشُّهَدَاءُ سَبْعَةٌ سِوَى الْقَتْلِ فِي سَبِيلِ اللهِ الْمَطْعُونُ شَهِيدٌ وَالْغَرِقُ شَهِيدٌ وَصَاحِبُ ذَاتِ الْجَنْبِ شَهِيدٌ وَالْمَبْطُونُ شَهِيدٌ وَالْحَرِقُ شَهِيدٌ وَالَّذِي يَمُوتُ تَحْتَ الْهَدْمِ شَهِيدٌ وَالْمَرْأَةُ تَمُوتُ بِجُمْعٍ شَهِيدٌ.

আল্লাহর পথে নিহত হওয়া ছাড়াও শহীদ সাত প্রকারের: (ক) তাউনে (মহামারীতে) মৃত ব্যক্তি শহীদ, (খ) যে ডুবে মারা যায় সে শহীদ, (গ) নিউমোনিয়া রোগে মৃত ব্যক্তি শহীদ, (ঘ) পেটের পীড়ায় মৃত ব্যক্তি শহীদ, (ঙ) যে পুড়ে মারা যায় সে শহীদ, (চ) কোন কিছু চাপা পড়ে যে মারা গেছে সে শহীদ, (ছ) আন্তঃসত্ত্বায় মৃত মহিলা শহীদ। (আবূ দাঊদ ৩১১১, নাসাঈ ১৮৪৬)

এতো সব পুরস্কারের ঘোষণা থাকা সত্ত্বেও কোনো মুসলিম করোনাভাইরাসের কারণে আতংকিত হবে—এটা ভাবা যায় না। স্বাভাবিকভাবেই, একজন মুসলিম রোগ-শোক তথা কোনো বিপদে আতংকিত না হয়ে ধৈর্যধারণ করবে, আল্লাহর উপর ভরসা করবে। পাশাপাশি, সতর্কতা অবলম্বন করবে। কেননা, সতর্কতা অবলম্বনও একজন মুসলিমের বৈশিষ্ট্য, ইসলামের নির্দেশ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

إِذَا سَمِعْتُمْ بِالطَّاعُونِ بِأَرْضٍ فَلَا تَدْخُلُوهَا وَإِذَا وَقَعَ بِأَرْضٍ وَأَنْتُمْ بِهَا فَلَا تَخْرُجُوا مِنْهَا

"কোন এলাকায় তোমরা মহামারীর সংবাদ শ্রবণ করলে সেখানে প্রবেশ করবে না। আর কোনো এলাকায় থাকা অবস্থায় যদি মহামারী শুরু হয়, তবে তোমরা সেখান থেকে বের হবে না"। (বুখারী হাদিস ৫৭২৯, মুসলিম হাদিস ৫৯১৫)

সুতরাং, করোনাভাইরাস সংক্রমণের ব্যাপারে মুসলিমরা আতংকিত হবে না, সতর্ক হবে। তবে, এখন নিজেকে প্রশ্ন করতে হবে যে, আমি কি সত্যিই মুসলিম হতে পেরেছি? নিজের জীবনকে কতটুকু ইসলাম অনুযায়ী পরিচালনা করছি? প্রিয়! এখনও কি রবের সামনে দণ্ডায়মান হওয়ার ভয় হৃদয়ে ঢুকেনি? দুচোখের অশ্রু ফেলে মালিকের কাছে তওবা করার সময় কি তবুও আসেনি? আল্লাহ আমাদের সবাইকে তাঁর পূর্ণ আনুগত্য করে তাঁর সন্তুষ্টি অর্জনের তৌফিক দান করুন, আমাদেরকে করোনাভাইরাসের মহামারী থেকে হেফাজতে রাখুন। অসুস্থ মুসলিমদের সুস্থতা দান করুন। আমীন ইয়া রাব্বাল আলামীন।

মহামারী ও সঙ্কটময় মুহূর্তের কিছু আমল

Abu Ahmad

তিন মাস হতে চলল এখনো করোনা ভাইরাসের কোনো প্রতিষেধক তৈরি হয়নি। আগামী কতদিনের মধ্যে হবে, তারও কোনো নিশ্চয়তা নেই। যদিও ব্যক্তি ও বিভিন্ন প্রতিষ্ঠান থেকে এ থেকে বেঁচে থাকার কিছু নির্দেশনা দেওয়া হয়েছে, কিন্তু তা যথেষ্ট নয় এবং এটা নিরাপত্তারও কোনো নিশ্চয়তা দেয় না। এ সঙ্কটময় মুহূর্তে আমরা যারা মুসলিম, তাদের জন্য হাদিসে বর্ণিত এমন কিছু দুআ ও আমল আছে, যা অনুসরণ করলে আশা করা যায় আল্লাহ এ বিপদ থেকে আমাদের রক্ষা করবেন। এগুলো যে কেবল করোনা ভাইরাসকেই রোধ করবে তা নয়; বরং আল্লাহর ইচ্ছায় অন্যান্য বালা-মুসিবতও দূর করবে। দুআ ও আমলগুলো সংক্ষেপে নিম্নে উল্লেখ করছি :

১. বিভিন্ন রোগ-বালা থেকে বেঁচে থাকার জন্য হাদিসে বর্ণিত নিম্নোক্ত দুআটি বারবার পড়তে থাকুন।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ البَرَصِ، وَالجُنُونِ، وَالجُذَامِ، وَمِنْ سَيِّئِ الأَسْقَامِ

(আল্লাহুম্মা ইন্নি আউজুবিকা মিনাল বারাসি ওয়াল জুনুনি ওয়াল জুজামি ওয়া মিন সাইয়িইল আসকাম) সূত্র : সহিহু ইবনি হিব্বান : ১০১৭, সুনানু আবি দাউদ : ১৫৫৪, মুসনাদু আহমাদ : ১৩০০৪

২. করোনাক্রান্ত বা অন্য কোনো বিপদে নিপতিত ব্যক্তিকে দেখলে নিম্নোক্ত দুআটি পড়ুন; তাহলে জীবনে কখনো সে রোগ বা বিপদে নিপতিত হবেন না।

الحَمْدُ لِلَّهِ الَّذِي عَافَانِي مِمَّا ابْتَلاَكَ بِهِ، وَفَضَّلَنِي عَلَى كَثِيرٍ مِمَّنْ خَلَقَ تَفْضِيلاً

(আল-হামদু লিল্লাহিল্লাজি আ'ফানি মিম্মাবতালাকা বিহি ওয়া ফাজ্জালানি আলা কাসিরিম মিম্মান খালাকা তাফজিলা) সূত্র : সুনানুত তিরমিজি : ৩৪৩১, সুনানু ইবনি মাজাহ : ৩৮৯২,

৩. হাসপাতাল, কারও বাসা কিংবা অন্য কোথাও গেলে নিম্নোক্ত দুআটি পড়ুন; ইনশাআল্লাহ সেখানে থাকাকালীন কোনো বিপদে আক্রান্ত হবেন না।

أَعُوذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ

(আউজু বিকালিমাতিল্লাহিত তাম্মাতি মিন শাররি মা খালাকা) সূত্র : সহিহু মুসলিম : ২৭০৮, সুনানুত তিরমিজি : ৩৪৩৭, সুনানুন নাসায়ি, কুবরা : ১০৩১৮

৪. প্রত্যহ সকাল-বিকাল তিনবার করে নিম্নোক্ত দুআটি পড়ুন; ইনশাআল্লাহ সেদিন আপনি আকস্মিক কোনো ক্ষতি বা বিপদে নিপতিত হবেন না।

بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ، فِي الْأَرْضِ، وَلَا فِي السَّمَاءِ، وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ

(বিসমিল্লাহিল্লাজি লা ইয়াজুররু মাআসমিহি শাইয়ুন ফিল আরজি ওয়ালা ফিস সামায়ি ওয়াহুয়াস সামিউল আলিম) সূত্র : সুনানু আবি দাউদ : ৫০৮৮, সুনানুত তিরমিজি : ৩৩৮৮, মুসনাদু আহমাদ : ৫২৮

৫. দুআ ইউনুস বেশি বেশি করে পড়ুন এবং আল্লাহর কাছে বিপদ ও মহামারীতে আক্রান্ত হওয়া থেকে আশ্রয় প্রার্থনা করুন। এটা পড়ে দুআ করলে আল্লাহ অবশ্যই তার দুআ কবুল করেন।

দুআ ইউনুস : لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ

(লা ইলাহা ইল্লা আনতা সুবহানাকা ইন্নি কুনতু মিনাজ জালিমিন) সূত্র : সুনানুত তিরমিজি : ৩৫০৫, মুসনাদু আহমাদ : ১৪৬২

৬. অধিক পরিমাণে ইসতিগফার করতে থাকুন। প্রসিদ্ধ ইসতিগফারও পড়তে পারেন, সাইয়িদুল ইসতিগফারও পড়তে পারেন। তবে সাইয়িদুল ইসতিগফারই উত্তম ও শ্রেষ্ঠ।

প্রসিদ্ধ ইসতিগফার :

أَسْتَغْفِرُ اللَّهَ الَّذِيْ لَا إِلَهَ إِلَّا هُوَ الحَيُّ القَيُّوْمُ وَأَتُوْبُ إِلَيْهِ

(আসতাগফিরুল্লাহাল্লাজি লা ইলাহা ইল্লা হুওয়াল হাইয়ুল কাইয়ুমু ওয়া আতুবু ইলাইহি।) সূত্র : সুনানু আবি দাউদ : ১৫১৭, মুসনাদু আহমাদ : ১১০৭৪

সাইয়িদুল ইসতিগফার : اللَّهُمَّ أَنْتَ رَبِّي لَا إِلَهَ إِلَّا أَنْتَ خَلَقْتَنِي وَأَنَا عَبْدُكَ وَأَنَا عَلَى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ أَبُوءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ وَأَبُوءُ لَكَ بِذَنْبِي فَاغْفِرْ لِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ (আল্লাহুম্মা আনতা রাব্বি লা ইলাহা ইল্লা আনতা খালাকতানি ওয়া আনা আবদুকা ওয়া আনা আলা আহদিকা ওয়া ওয়া'দিকা মাসতাতা'তু আউজুবিকা মিন শাররি মা সানা'তু আবুউ লাকা বিনি'মাতিকা আলাইয়া ওয়া আবুউ লাকা বিজামবি ফাগফিরলি ফাইন্নাহু লা ইয়াগফিরুজ জুনুবা ইল্লা আনতা) সূত্র : সহিহুল বুখারি : ৬৩০৬, সুনানুত তিরমিজি : ৩৩৯৩

৭. প্রচুর পরিমাণে নিম্নোক্ত দুআটি পড়তে থাকুন। সকল বিপদ-আপদ থেকে বেঁচে থাকার জন্য এটা খুবই কার্যকর একটি দুআ।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ ، وَتَحَوُّلِ عَافِيَتِكَ ، وَفُجَاءَةِ نِقْمَتِكَ ، وَجَمِيعِ سَخَطِكَ

(আল্লাহুম্মা ইন্নি আউজুবিকা মিন জাওয়ালি নি'মাতিকা ওয়া তাহাওউলি আফিয়াতিকা ওয়া ফুজাআতি নিকমাতিকা ওয়া জামিয়ি সাখাতিকা) সূত্র : সহিহু মুসলিম : ২৭৩৯

৮. সকাল-বিকাল নিম্নোক্ত দুআটি একবার করে পড়ুন।

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالآخِرَةِ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِي دِينِي وَدُنْيَايَ وَأَهْلِي وَمَالِي اللَّهُمَّ اسْتُرْ عَوْرَاتِي وَآمِنْ رَوْعَاتِي اللَّهُمَّ احْفَظْنِي مِنْ بَيْنِ يَدَيَّ وَمِنْ خَلْفِي وَعَنْ يَمِينِي وَعَنْ شِمَالِي وَمِنْ فَوْقِي وَأَعُوذُ بِعَظَمَتِكَ أَنْ أُغْتَالَ مِنْ تَحْتِي

(আল্লাহুম্মা ইন্নি আসআলুকাল আফিয়াতা ফিদ্দুনইয়া ওয়াল আখিরাহ, আল্লাহুম্মা ইন্নি আসআলুকাল আফওয়া ওয়াল আফিয়াতা ফি দিনি ওয়া দুনইয়াইয়া ওয়া আহলি ওয়া মালি, আল্লাহুম্মাসতুর আউরাতি ওয়া আমিন রাউআতি, আল্লাহুম্মাহফাজনি মিম বাইনি ইয়াদাইয়া ওয়া মিন খালফি ওয়া আন ইয়ামিনি ওয়া আন শিমালি ওয়া মিন ফাউকি ওয়া আউজু বিআজামাতিকা আন আগতালা মিন তাহতি) সূত্র : সুনানু আবি দাউদ : ৫০৭৪, সুনানু ইবনি মাজাহ : ৩৮৭১

৯. সকাল-বিকাল তিনবার করে সুরা ইখলাস, সুরা ফালাক ও সুরা নাস পড়ুন। ইনশাআল্লাহ সকল কিছুর জন্য এটা যথেষ্ট হয়ে যাবে।

সুরা ইখলাস :

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ، اللَّهُ الصَّمَدُ، لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ، وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ

সুরা ফালাক :

قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ، مِنْ شَرِّ مَا خَلَقَ، وَمِنْ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ، وَمِنْ شَرِّ النَّفَّاثَاتِ فِي الْعُقَدِ، وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ

সুরা নাস :

قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ، مَلِكِ النَّاسِ، إِلَهِ النَّاسِ، مِنْ شَرِّ الْوَسْوَاسِ، الْخَنَّاسِ الَّذِي يُوَسْوِسُ فِي صُدُورِ النَّاسِ، مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ

সূত্র : সুনানু আবি দাউদ : ৫০৮২, সুনানুত তিরমিজি : ৩৫৭৫

১০. সকল প্রকার গুনাহ ও নাফরমানি পরিত্যাগ করে পুরোপুরিভাবে আল্লাহর দিকে মনোনিবেশ করুন। আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করতে থাকুন এবং দান-সাদাকা বৃদ্ধি করুন। কেননা দান-সাদাকা বিপদাপদ দূর করে দেয়।

এগুলো সবই বিশুদ্ধ হাদিসের আলোকে প্রমাণিত। আল্লাহর ওপর স্থির বিশ্বাস রাখুন; এবং সুন্নাহ হিসেবে এসব দুআর পাশাপাশি ডাক্তারি নির্দেশনাগুলোও মেনে চলুন। তাকদিরে মৃত্যু লেখা না থাকলে ইনশাআল্লাহ এতে আপনি সকল বিপদ-আপদ থেকে মুক্ত থাকতে পারবেন। বিশুদ্ধ সুন্নাহ জানুন, সুন্নাহর ওপর আমল করুন। আল্লাহ আমাদের সবাইকে আমল করার তাওফিক দান করুন।

সাইয়িদুল ইসতিগফার :

আল্লাহুম্মা আনতা রাব্বি লা ইলাহা ইল্লা আনতা খালাকতানি ওয়া আনা আবদুকা ওয়া আনা আলা আহদিকা ওয়া ওয়া'দিকা মাসতাতা'তু আউজুবিকা মিন শাররি মা সানা'তু আবুউ লাকা বিনি'মাতিকা আলাইয়া ওয়া আবুউ লাকা বিজামবি ফাগফিরলি ফাইন্নাহু লা ইয়াগফিরুজ জুনুবা ইল্লা আনতা। সহিহুল বুখারি : ৬৩০৬, সুনানুত তিরমিজি : ৩৩৯৩

আপনাদের নেক দু'আয় মুজাহিদীনে কেরামকে ভুলে যাবেন না

ইবাদাত আল্লাহ তায়ালার জন্যে নাকি করোনা'র জন্যে?

আবু মুহাম্মাদ

আমরা সবাই জানি, করোনা গোত্রীয় এক ভাইরাস কিছু দেশে ব্যাপক ভাবে ছড়িয়েছে বাকি আরো অনেক দেশে ছড়ানোর আশংকায় রয়েছে। এই মুহূর্তে সবার উপর করণীয় কি হবে তা নিয়ে আমাদের দেশে অনেক মতানৈক্য রয়েছে। কেহ অতি সতর্ক হয়ে কয়েক মাসের খাবার কিনে ঘরে বন্দি হয়ে যাচ্ছেন আবার অনেকে রয়েছেন অতি বেখেয়ালে। অনেকে ভাবছেন করোনা সংক্রমণ অসম্ভব আবার অনেকে ভাবছেন করোনা থেকে বাঁচার কোন রাস্তা নেই। এই ব্যাপারে শরিয়াতের দৃষ্টিভঙ্গি জানার জন্যে সর্বপ্রথম যে বিষয়টি আলোচনা করা হয় তা সংক্রমণ নিয়ে প্রসিদ্ধ একটি হাদীস। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ (لا عدوي و لا طيرة)।

এই হাদিসের শুরুতে لا শব্দটি নিয়ে মতানৈক্য রয়েছে। প্রচলিত অর্থে এটাকে "নফী জিনস" এর জন্যে ধরে অর্থ করা হয়; (সংক্রমণ রোগ ও কুলক্ষণ বলতে কিছু নেই।) কিন্তু হাদীসের পরের অংশের দিকে খেয়াল করলে পূর্ণভাবে সংক্রমণকে অস্বীকার করা হয়েছে বুঝা যায় না। কারণ এই হাদীসের এক বর্ণনায় রয়েছে, (এক সাহাবী জিজ্ঞাস করলেনঃ অসুস্থ উট যখন সুস্থ উটের কাছে যায় তখন সব অসুস্থ হয়ে পরে কেন? তখন রাসূল আলাইহিস সালাম বলেছেনঃ প্রথম উটটির রোগ সৃষ্টি করল কে?) উত্তরের মধ্যে সরাসরি সংক্রমণকে অস্বীকার করে বলা হয় নি, প্রত্যেকটা উটকেই আল্লাহ তায়ালা সরাসরি অসুস্থ করেন। বরং বলা হচ্ছে, কোন ভাইরাস নিজে থেকেই সংক্রমণ শুরু করতে পারে না, আল্লাহ তায়ালা যখন তাঁকে অনুমতি দিয়ে প্রথম উটে রোগাক্রান্ত করেন তখন সেটা সংক্রমিত হতে থাকে।

হাদীসের শেষে অন্য উটগুলোকে অসুস্থ উট থেকে দূরে রাখার আদেশ থেকেও এমনটাই স্পষ্ট হয়।

এই হাদীসের আরেক বর্ণনার শেষ রয়েছেঃ (কুষ্ঠরোগী থেকে দূরে থাক, যেভাবে বাঘ থেকে দূরে থাক) যদি সংক্রমণ বলতে কিছু নাই থাকত তাহলে দূরে রাখতে ও থাকতে বলা হত না। যার ফলে বর্তমানের সব আলেমরাই এই হাদীসের অর্থ করছেনঃ (আল্লাহর ইচ্ছা ছাড়া সংক্রমণ বলতে কিছু নাই) অর্থাৎ অন্য সকল রোগের মত সংক্রমণ রোগটাও আল্লাহ তায়ালার ইচ্ছাতেই ছড়াতে থাকে।

অনেক মুফাসসির لا শব্দটাকে 'নাহী'র জন্যে ধরে অর্থ করেছেনঃ (কেহ যাতে অন্যকে সংক্রমণ না করে) যেমনটা হজ্জের আয়াতে আল্লাহ তায়ালা বলেছেনঃ (فَلَا رَفَثَ وَلَا فُسُوقَ وَلَا جِدَالَ فِي الْحَجِّ) (স্ত্রীর সাথে সহবাস করবে না, অশোভন কাজ করবে না ও ঝগড়া করবে না হজ্জের মধ্যে) আর এই অর্থের ক্ষেত্রে পূর্বের মত তা'বীল করে সংক্রমণকে স্বীকার করার দরকার নেই। রাসুল সাল্লাল্লাহু আলাইহিস সালামের অন্যান্য হাদীসেও মহামারী নিয়ে যে সমস্ত আদেশ এসেছে, তা থেকেও সংক্রমণকে ইসলাম স্বীকার করে নেয়া বুঝা যায়। যেমনঃ (অসুস্থ ব্যক্তি যেন সুস্থ ব্যক্তির কাছে না যায়)। সাক্বীফ গোত্রের লোকেরা যখন ইসলাম গ্রহণ করতে আসে তখন তাদের মাঝে একজন ভাইরাসে আক্রান্ত ছিল। তখন উনার থেকে সরাসরি বায়আত না নিয়ে দূর থেকে বায়আত গ্রহণের কথা বলে সংবাদ পাঠান। ইসলাম বাহ্যিক সংক্রমণের পাশাপাশি মানসিক ও আভ্যন্তরীণ সংক্রমণকেও স্বীকার করে। হাদীসে এসেছেঃ (সালেহ ব্যক্তির সংসর্গ হল মেশক বিক্রেতার মত, তাঁর থেকে কিছু না পেলেও সুঘ্রান পাবে। এবং খারাপ ব্যক্তির সংসর্গ হল কামারের মত, যদি কালি না লাগে অন্তত ধোয়া লাগবেই) এই জন্যে তাওহীদের ক্ষেত্রে তাগুত্বের সংসর্গ ত্যাগ করাকে ঈমানের অংশ বানিয়ে দেয়া হয়েছে।

আর সঠিক ইলম ও ফিক্বহের জন্যে জিহাদ ছেড়ে বসে থাকা ব্যক্তিদের সংসর্গ অপছন্দ করাকে আবশ্যক করে দেয়া হয়েছে। এই সংক্রমণ থেকে বাঁচার জন্যে আমাদের করনীয় কি হবে তা নিয়ে অনেক পরামর্শ দেয়া হচ্ছে, যা আসবাব হিসেবে মান্য করা আবশ্যক। কারণ আমাদের শরীরের মালিক আমরা নই যে, যেমন ইচ্ছা ব্যবহার করতে পারব, তাই সতর্কতার মাধ্যমে আল্লাহ তায়ালার সম্পদকে রক্ষা করা সবার উপর আবশ্যক। আর যদি অবহেলায় আমাদের মাধ্যমে অন্য কাহারো সংক্রমণ হয়, তাহলে আখেরাতে এর দায়ভার কোনভাবে এড়ানো যাবে বলে মনে হয় না। করোনা সংক্রমণ থেকে বাঁচার জন্যে করনীয়ের ক্ষেত্রে আমাদের সামনে সবচেয়ে বড় উদাহারণ হতে পারে উমর রাজিঃ এর সময়ের মহামারী থেকে সুস্থতার সিদ্ধান্তগুলো।

উমর রাজিঃ এর সময়ে শামের আমওয়াস নামক স্থানে ব্যাপক ভাবে মহামারী ছড়িয়ে গেলে তা কোনভাবে ঠেকানো যাচ্ছিল না। ২৫ হাজার ও কোন বর্ণনামতে ৬০ হাজার মানুষ মারা গিয়েছিল। শুধু খালেদ রাজিঃর ৪০ জন সন্তান মারা গিয়েছিল, আবু উবাইদাহ ও মুয়াজ বিন জাবাল রাজিঃ সহ ১০ হাজার সাহাবী মারা গিয়েছিলেন। কোনভাবেই ডাক্তাররা এর কোন সমাধান বের করতে পারছিলেন না। শেষে উমর রাজিঃ তখনকার সময়ে পূরা আরবের সর্বশ্রেষ্ঠ বুদ্ধিমান আমর বিন আ'স রাজিঃকে ডাক্তার না হওয়া স্বত্বেও এই ভাইরাসের সমাধান বের করতে চিঠি লিখেন। তখন আমর রাজিঃ এমন সমাধান বের করেন যার ফলে তিন দিনেই মহামারী বন্ধ হয়ে যায়। তিনি বলেনঃ আমি খুব ভাল করে লক্ষ্য করে দেখলাম মহামারী ছড়ায় ১/ মানুষের জনসমাগমে ২/ ঘর-বাড়িতে। পাহাড় ও মরুভূমিতে রোগ ছড়ায় না। তাই তিনি আদেশ দিলেন; সবাই যাতে শহর ছেড়ে পাহাড় ও মরুভূমিতে ছড়িয়ে পরে এবং কোন ২ ব্যক্তি যাতে একসাথে না থাকে। যার ফলে তিন দিনেই মহামারী শেষ হয়ে যায়। আমরা যদি বর্তমান করোনা অভিজ্ঞতার ভিত্তিতে উনার সিদ্ধান্তকে যাচাই করি তাহলে দেখব, উনার সমাধান এতটাই পারফেক্ট ছিল যা আজ পর্যন্ত কেহ এর থেকে ভাল সমাধান দিতে পারে নি। প্রত্যেক ব্যক্তি একে অপরের থেকে আলাদা হওয়ার বিষয়টা তো সবাই বুঝি, আর ঘরের আসবাব-পত্রে ভাইরাস যত দীর্ঘ সময় অবস্থান করতে পারে, পাহাড়ে-মরুভূমিতে ধূলার উপরে তেমনটা সম্ভব নয়। আর এত বিশাল এলাকায় একজনের ভাইরাসের উপরে আরেকজনের হাতের স্পর্শের সম্ভাবনাও তেমন নেই। আর এই অভূতপূর্ব কাজের ফলে তখনকার সময়ে ভাইরাস সনাক্ত করে আলাদা করা বা কীটনাশক স্প্রে করা ছাড়াই সব সমাধান হয়ে গিয়েছিল। এই ঘটনা থেকে আমাদেরকেও শিক্ষা গ্রহণ করে যতটা সম্ভব খুলা স্থানে থাকা ও প্রত্যেক ব্যক্তি থেকে দূরে থাকা উচিত। কারণ করোনা ভাইরাস আলামত প্রকাশ করা ছাড়াই অনেক দিন টিকে থাকতে পারে। তাঁর মানে শুধু অসুস্থ মানুষ থেকে দূরে থাকলেই চলবে না, সুস্থ মানুষরাও ১৪ দিন আলাদা থাকতে হবে যদি ব্যাপক ভাবে সমাজে ছড়িয়ে পরে। সেই সাথে বিশেষ ভাবে চেহারাকে হাত-কাপড় সহ যেকোন জিনিসের স্পর্শ থেকে বাঁচিয়ে রাখতে হবে। সালাফরা বলেছেনঃ মহামারী ঈমানের জন্যে ফিতনা হিসেবে অবতীর্ণ হয়। বর্তমানে আমাদের সমাজেও করোনা ভাইরাসের ফলে মৌলিক কয়েক ধরনের আকীদাগত সমস্যা পরিলক্ষিত হচ্ছে।

উমর রাজিঃ এর সময়ে শামের আমওয়াস নামক স্থানে ব্যাপক ভাবে মহামারী ছড়িয়ে গেলে তা কোনভাবে ঠেকানো যাচ্ছিল না। ২৫ হাজার ও কোন বর্ণনামতে ৬০ হাজার মানুষ মারা গিয়েছিল। শুধু খালেদ রাজিঃর ৪০ জন সন্তান মারা গিয়েছিল, আবু উবাইদাহ ও মুয়াজ বিন জাবাল রাজিঃ সহ ১০ হাজার সাহাবী মারা গিয়েছিলেন। কোনভাবেই ডাক্তাররা এর কোন সমাধান বের করতে পারছিলেন না। শেষে উমর রাজিঃ তখনকার সময়ে পূরা আরবের সর্বশ্রেষ্ঠ বুদ্ধিমান আমর বিন আ'স রাজিঃকে ডাক্তার না হওয়া স্বত্বেও এই ভাইরাসের সমাধান বের করতে চিঠি লিখেন। তখন আমর রাজিঃ এমন সমাধান বের করেন যার ফলে তিন দিনেই মহামারী বন্ধ হয়ে যায়।

প্রথমত এই সমস্ত সতর্কতার কথা বললেই অনেকে বলেন, আপনার মধ্যে কোন তাওয়াক্কুল নেই। এটা সম্পূর্ণ ভুয়া কথা, আসবাব গ্রহণ ছাড়া তো তাওয়াক্কুলই হবে না। আমরা যত বেশি আসবাব গ্রহণ করব তত বেশি তাওয়াক্কুল হবে।

কারণ তাওয়াক্কুল হচ্ছেঃ (আসবাব গ্রহণের পর আসবাবের উপর থেকে ভরসা উঠিয়ে পূর্ণভাবে আল্লাহ তায়ালার উপরে ভরসা করা) যে যত বেশি আসবাব গ্রহণ করবে তাঁর আল্লাহ তায়ালার উপরে মানসিক ভাবে ভরসা করতে তত কষ্ট হবে, আর এই দৃশ্যমান বিষয়ের উপর থেকে বিশ্বাস উঠিয়ে অদৃশ্যের উপরে বিশ্বাসের নামই তাওয়াক্কুল।

আবার অনেকে মাস্ক লাগিয়ে, হাইড্রোক্লোরুকুইন ঔষধ আর কয়েক বস্তা চাল কিনে ভাবতে থাকে, ভাইরাস আমাকে কোন ক্ষতিই করতে পারবে না। তারা এখানে আসবাবের উপরেই পূর্ণ ভরসা করে ফেলছেন, যা ঈমানের জন্যে ক্ষতিকর। বরং এই বিশ্বাস রাখতে হবে, আমরা যতই মানুষ থেকে দূরে থাকি বা মাস্ক ব্যবহার করি আর সাবান ব্যবহার করি, আল্লাহ তায়ালার ইচ্ছা হলে কোন কিছুই আমাকে রোগ থেকে বাঁচাতে পারবে না। হাদীসে শেষ অংশে; (প্রথমটাকে কে আক্রান্ত করল?) এর দ্বারা আল্লাহর রাসূল আলাইহিস সালাম আমাদেরকে এই বিষয়টা বুঝাতে চেয়েছেন। এখানে সব আসবাব গ্রহণ করেও পূর্ণ তাওয়াক্কুল করতে হবে।

অনেকে বলছেন, মুসলিম কোনভাবেই আক্রান্ত হবে না, ওজু-নামাজ তাঁকে বাচিয়ে রাখবে। যদি এমন হয় তাহলে সাহাবীরা কেন মারা গিয়েছেন তাঁর উত্তর তাদের কাছে নেই। অনেকে এমনটাও বলে ফেলছেন; যদি আমরা আক্রান্ত হই তাহলে কুরআন-হাদীস মিথ্যা হয়ে যাবে বা আক্রান্ত ব্যক্তি কাফের ও মুনাফিক হিসেবে গণ্য হবে। আল্লাহ তায়ালা আমাদেরকে এই সমস্ত জাহালত থেকে রক্ষা করুন। সালাত ও সবর আল্লাহ কাছে সাহায্য চাওয়ার মাধ্যম, এগুলো আমাদেরকে রক্ষা করতে পারে না। তাই ওজু, দোয়া, সালাত ও আজকার আদায়কে শুধু আল্লাহর কাছে সাহায্য চাওয়ার মাধ্যমের মধ্যেই সীমাবদ্ধ রাখতে হবে।

অনেকে বলছেন, মুসলিম কোনভাবেই আক্রান্ত হবে না, ওজু-নামাজ তাঁকে বাচিয়ে রাখবে। যদি এমন হয় তাহলে সাহাবীরা কেন মারা গিয়েছেন তাঁর উত্তর তাদের কাছে নেই। অনেকে এমনটাও বলে ফেলছেন; যদি আমরা আক্রান্ত হই তাহলে কুরআন-হাদীস মিথ্যা হয়ে যাবে বা আক্রান্ত ব্যক্তি কাফের ও মুনাফিক হিসেবে গণ্য হবে।

আবার অনেকে এতটাই হতাশ যে, ভাবছেন বাঁচার কোন আশাই নেই। তাই মৃত্যুর জন্যে প্রস্তুতি নিয়ে বসে আছেন। আল্লাহ তায়ালার রহমত থেকে এমনভাবে হতাশ হয়ে যাওয়াও কুফুরীর দিকে ধাবিত করে। কারণ এখানে ভাইরাসকে সর্বোচ্চ শক্তিশালী ভাবা হচ্ছে, আল্লাহ তায়ালার রহমতের ব্যাপারে নিরাশা তৈরি হচ্ছে, আল্লাহ তায়ালার ব্যাপারে উত্তম ধারনা করা হচ্ছে না বরং ভুল ধারনা করা হচ্ছে।

মহামারীতে মারা গেলে শাহাদাতের মর্যাদা লাভের কথা এসেছে হাদীসে। আল্লাহর পথে শাহাদাতের মর্যাদা অনেক, কিন্তু সেই সাথে আমাদের মনে রাখতে হবে আল্লাহর পথে মৃত্যুবরণের চেয়ে আল্লাহর পথে বেঁচে থেকে দ্বীন প্রতিষ্ঠার মেহনত করে যাওয়ার ফজিলত অনেক বেশি। আবু বকর রাজিঃ শহীদ ছিলেন না, তারপরেও তিনি কিন্তু উম্মতের সবার চেয়ে বেশি মর্যাদাবান। কুরআনেই তো সিদ্দীকদের মর্যাদা শহীদদের থেকে বেশি বলা হয়েছে। তাই হতাশ হয়ে শাহাদাতের মৃত্যু কামনার চেয়ে ঈমানের সাথে সিদ্দীকের মত বেঁচে থাকার তাওফীক কামনা করতে হবে।

করোনা ভাইরাসের লক্ষণ হচ্ছে, প্রথম ১/২ দিন জ্বর হয় ও সাথে মাথা ব্যথা ও সর্দি হতে পারে। ৩, ৪ দিনের গলা ব্যথা হয় ও তা আস্তে আস্তে বাড়তে থাকে। ৪-৫ দিনে শুকনো কাশি ও ভারী কফ-সর্দি হয়, ডায়রিয়াও হতে পারে। তবে ৮০% রোগীর ক্ষেত্রে ৭-৮ দিনের ভিতরেই গলা ব্যথা কমে ভাইরাস মুক্ত হয়ে যায়। আর যদি এন্টিবডি ভাইরাসকে শেষ করতে না পারে তখন তা ফুসফুসে চলে যায় ও পূরা বডিতে অক্সিজেন সাপ্লাইয়ের রাস্তাগুলো বন্ধ করে দিতে থাকে। ফলে শরীর ব্যথা হয়ে দুর্বল হয়ে যেতে থাকে এবং কিডনী বা অন্য কোন অঙ্গ আগে থেকে অসুস্থ থাকলে তা ড্যামেজ হয়ে যায় ও মারা যায়। এই সময়ে প্রচণ্ড শ্বাসকষ্ট হয়ে তা বাড়তে থাকে, জ্বর ১০৪-১০৫ উঠানামা করতে থাকে। লাইফ সাপোর্ট ও আইসিউ দরকার হয়।

অনেক ডাক্তার বলেছেন, যে ২০% সিরিয়াস পর্যায়ে চলে যায় তাদের মধ্যে ৭০-৮০% এর পিছনে দায়ী তাদের মানসিক আতংক। কারণ কেহ যখন করোনা ভাইরাস হয়েছে শুনে আতংকিত হয়ে যায় তখন তাঁর অন্টিবডি দুর্বল হয়ে পরে, শরীরের কোষগুলো শিথিল হয়ে ভাইরাস দ্রুত ছড়িয়ে পরে। অন্যদিকে কেহ যদি মানসিক ভাবে সতর্ক হয় তখন তাঁর অন্টিবডি যে কোন রোগের বিরুদ্ধে শক্তিশালী হয়ে উঠে আল্লাহর ইচ্ছায়। তাই আমাদেরকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে।

সর্বশেষ বিষয় হচ্ছে, এখন আমাদেরকে মানসিকভাবে ঈমান, ইখলাস ও তাওয়াক্কুল বৃদ্ধি ও বাহ্যিকভাবে

ইবাদাতে সর্বোচ্চ মনযোগী হতে হবে। যা ইদানিং অনেকের মধ্যেই দেখা যাচ্ছে মাশাআল্লাহ। তবে একটা বিষয় খেয়াল রাখতে হবে, আমরা ইবাদাতগুলো কি উদ্দেশ্যে করব? কিছু মানুষ আছে যারা ব্যাপকভাবে গোনাহে লিপ্ত থাকে, যতক্ষণ না আল্লাহ তায়ালা তাঁর কোন নিয়ামতকে ছিনিয়ে নেন। যখনই কোন নিয়ামত ছিনিয়ে নেন তখন সেই নিয়ামত ফিরিয়ে আনার জন্যে আল্লাহ তায়ালাকে ডাকতে থাকেন। পরে যখন ফিরিয়ে দেয়া হয় তখন আবার সে গোনাহের জীবনে ফিরে যায়। এদেরকে আল্লাহ তায়ালা 'মুসরিফ' বলে সম্বোধন করেছেন। কুরআনে এসেছেঃ (যখন মানুষ কষ্টের সম্মুখীন হয়, শুয়ে, বসে, দাঁড়িয়ে আমাকে ডাকতে থাকে। তারপর আমি যখন তা থেকে মুক্ত করে দেই, সে কষ্ট যখন চলে যায় তখন মনে হয় কখনো কোন কষ্টেরই সম্মুখীন হয়ে যেন আমাকে ডাকেইনি। সূরা ইউনুস-১২)।

আমাদেরকে এমন হওয়া চলবে না। এই সমস্ত ব্যক্তিদের আরেকটা অবস্থা হচ্ছে, তারা নির্দিষ্ট পরিমাণ ইবাদাত করার পরেও যখন দেখে আল্লাহ তায়ালা তাদের নিয়ামতকে ফিরিয়ে দিচ্ছেন না, তখন তারা আল্লাহ তায়ালার ব্যাপারে হতাশ হয়ে ইবাদাত করা ছেড়ে দেয়া এবং বিভিন্ন ধরনের কুধারনা করতে থাকে। অনেকে বলেঃ আল্লাহ কেন শুধু আমাকেই বিপদ দেন? আমাদেরকে কেন এখনো বিপদ মুক্তি দিচ্ছেন না? অবস্থা কেমন যেন এটা বুঝায়, আমি তো আমার দায়িত্ব আদায় করেছি কিন্তু আল্লাহ তায়ালা উনার দায়িত্ব আদায় করছেন না। মা'আযাল্লাহ। এদেরকে আরবীতে বলা হয় 'হাবশাত্বী' আল্লাহ তায়ালার প্রতি যাদের ভালবাসা শর্তযুক্ত। তাই আমাদের ইবাদাত হবে শুধুই আল্লাহর জন্যে। করোনা থেকে বাঁচলেও ইবাদাত হবে, আল্লাহ না করুন, করোনা আক্রমণ করলেও ইবাদাত করেই যাব ইনশাআল্লাহ।

